

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি.

চাঁদপুর শাখা, চাঁদপুর

৩৭/৩৭, পাল বাজার কুমিল্লা রোড, চাঁদপুর পৌরসভা, চাঁদপুর

ডাকঘর: চাঁদপুর সদর, উপজেলা: চাঁদপুর সদর, জিলা: চাঁদপুর।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

জনাব মোঃ আনিছুর রহমান খান, পিতা- মৃত আবদুর রশিদ খান, মাতা- মৃত জয়তুন বেগম, ব্যবসায়িক ঠিকানা- মেসার্স সাগরিকা ইলেকট্রনিক্স, হোল্ডিং নং -৮১৩-০০, রুপসী মার্কেট, জে এম সেনগুপ্ত রোড, চাঁদপুর পৌরসভা, ডাকঘর, থানা ও জেলা- চাঁদপুর, বর্তমান ঠিকানা এবং , স্থায়ী ঠিকানা- ১৩৫৫/১২৬০, বিষ্ণুদি রোড, বিষ্ণুদি ,ডাকঘর: চাঁদপুর-৩৬০০, চাঁদপুর পৌরসভা, থানা ও জেলা- চাঁদপুর, কর্তৃক ইউসিবি, চাঁদপুর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৫/০৩/২০২৪ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,১৬,৭০,৫৮২.৫৮ টাকা (দুই কোটি ষোল লক্ষ সত্তর হাজার পাঁচ শত বিরাশি টাকা আটান্ন পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা (যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১. জেলাঃ চাঁদপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর, ৮৯নং হালে ৯২ নং বিষ্ণুদি মৌজা, সি. এস. খতিয়ান নং ১০৯(গ), এস. এ. খতিয়ান নং: ১০৮, খারিজা খতিয়ান নং ১৬১১, সি.এস. এবং এস. এ. দাগ নং ৪৭৫ এবং বি এস. দাগ নং -১৪৬৮. ৭.০০ শতক জমি।

২. জেলাঃ চাঁদপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর, ১০০ নং হালে ১০২ নং নানুপুর মৌজার সি.এস. খতিয়ান নং ১৮৬, ৪৯, ২২,২০৪, ১৬০ এবং ১৭২, এস. এ. খতিয়ান নং ১৮৫, বি.এস. খতিয়ান নং: ৫০৫ এবং ৫০৭, খারিজা খতিয়ান নং ১৮৫, সি. এস. দাগ নং ৭১৯, ৯৪১/১১৫৪, ৯০৪, ৮০৯, ৭২৩, ৮৬০, বি এস দাগ নং ১৬৭১, ১৬১১, ১৭১০, ১৭৮৭ এবং ১৭৯১. ১৫৩.৫০ শতক জমি।

## নিলামের শর্তাবলী

১। আগামী ০২/০৪/২০২৪ইং তারিখ দুপুর ২.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন / পৌরসভা, ওয়াসা, ডেসা, ডেস্কে, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, চাঁদপুর শাখা, চাঁদপুর।